

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.৭০১.০১.০০১.২০.৬৯৭


তারিখঃ ১১ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর, ২০২১ খ্রি.

বিষয়ঃ বিবিএস-এর শুমারি/জরিপ রিপোর্টের মোড়ক উন্মোচন অনুষ্ঠানের পূর্বে প্রকাশিত রিপোর্টের লিংক BTRC-তে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন সেবা প্রদান করে যাচ্ছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জাতীয় পর্যায়ে জনশুমারি, কৃষি শুমারি, অর্থনৈতিক শুমারি, বস্তি শুমারিসহ অন্যান্য শুমারি এবং জরিপ কার্যক্রম পরিচালনা করে তার প্রতিবেদন জাতির কাছে তা প্রকাশ করে। সেলফ্যে, বিবিএস-এর ইনোভেশন টিম কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২২-এর কর্মসম্পাদন সূচক ১.৩.১ বাস্তবায়নে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব সাদেক হোসেন খোকা, প্রোগ্রামার, কম্পিউটার উইং কর্তৃক “শুমারি/জরিপ রিপোর্ট এর ডিজিটাল মোড়ক উন্মোচন” শীর্ষক ডিজিটাইজকৃত সেবাটি উদ্ভাবন করা হয়েছে।

০২। উল্লেখ্য, বিবিএস-এর প্রকাশিত রিপোর্টসমূহ সাধারণ জনগণ থেকে শুরু করে বিভিন্ন পর্যায়ের শিক্ষক, গবেষক, সাংবাদিক, রাজনীতিবিদ এবং বিভিন্ন উন্নয়ন পরিকল্পনাবিদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রকাশিত রিপোর্টের মাধ্যমে বর্তমান সরকারের অগ্রগতি এবং উন্নয়নের চিত্র ফুটে উঠে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র এই সমস্ত গুরুত্বপূর্ণ রিপোর্টসমূহের লিংক যদি এসএমএস এর মাধ্যমে গ্রাহক পর্যায়ে প্রেরণ করা যায় তাহলে বর্তমান সরকারের অগ্রগতি এবং উন্নয়নের চিত্র জাতির কাছে অতি সহজে পৌঁছানো সম্ভব হবে।

০৩। বর্ণিতাবস্থায়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত রিপোর্টের মোড়ক উন্মোচন অনুষ্ঠানের পূর্বে উক্ত অনুষ্ঠানে উন্মোচনকৃত রিপোর্টটির এসএমএস লিংক প্রথমে কম্পিউটার উইং এর ওয়েবসাইট শাখার মাধ্যমে লিংক প্রস্তুত করে সকল মোবাইল অপারেটর এর মাধ্যমে মোবাইল ফোন ব্যবহারকারীগণের কাছে প্রেরণের নিমিত্ত চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন বরাবর প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। প্রয়োজনে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব সাদেক হোসেন খোকা, প্রোগ্রামার, কম্পিউটার উইং এর সাথে যোগাযোগ করা যেতে পারে।


মোহাম্মদ তাজুল ইসলাম
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন নং-৫৫০০৭০৫৬

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে)

১. পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), বিবিএস।
২. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মহাপরিচালকের স্টাফ অফিসার, বিবিএস, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. উপমহাপরিচালকের স্টাফ অফিসার, বিবিএস, ঢাকা (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি।